ভোরের কাগজ

তারিখ ... JUL. 26 1999
পৃষ্ঠা ২০ কলাম ৮

# উচ্চ মাধ্যমিক পর্যায়ে বৃত্তির দরখাস্ত চেয়েছে সেনা কল্যাণ সংস্থা

সেনাকল্যাণ সংস্থা সশস্ত্র বাহিনীর সাবেক এবং অবসরপ্রাপ্ত সদস্যদের সন্তানদের কাছ থেকে এইচএসসি, পলিটেকনিক, পিটিআই, হোমিওপ্যাথ, নার্সিং, মেরিন ডিপ্লোমা ও অন্যান্য কোর্সসমূহে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে বৃত্তি প্রদানের জন্য তাদের মধ্যে ৪০% ও এর উর্ধ্বে নম্বরপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করেছে।

সকল পর্যায়ে একই পরিবারে একই সময়ে ২ জনের বেশি আবেদন করতে পারবে না। অবসরগ্রহণের পরে জন্মগ্রহণকারী সন্তানগণ বৃত্তি পাওয়ার যোগ্য নয়।

সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড এবং সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়, সেনাকল্যাণ ভবন, ১৯৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা থেকে পেনশন ব অবসরপ্রাপ্তির সনদপত্র দেখিয়ে নির্ধারিত আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাবে। ২০ ডিসেম্বর তারিখের মধ্যে জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে আবেদনপত্র জমা দিতে হবে। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড থেকে পুরনকৃত আবেদনপত্র ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে, কল্যাণ পরিদপ্তরে পৌছাতে হবে।

উচ্চ মাধ্যমিক ও ডিপ্লোমা পর্যায় বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ২য় বর্ষে ও অন্যান্য কোর্স অনুযায়ী পরবর্তী বর্ষের উত্তীর্ণ/নম্বরপত্র অধ্যক্ষের মাধ্যমে ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা দিলে তাদের বৃত্তি পরবর্তী বর্ষের জন্য নবায়ন করা হবে। উত্তীর্ণপত্র বা নম্বরপত্র ফটোকপি হলে অবশ্যই অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ দ্বারা সত্যায়িত হতে হবে। উত্তীর্ণপত্রে বা নম্বরপত্রে ছাত্র-ছাত্রীদের নাম, বৃত্তি নম্বরসহ পিতার নাম ও সংশ্লিষ্ট বাহিনীর নম্বর ও পদবি অবশ্যই লিপিবদ্ধ করতে হবে।

## মাধ্যমিক পর্যায়ে বৃত্তি মঞ্জুরি

সেনাকল্যাণ সংস্থা ১৯৯৮ শিক্ষাবর্ষে সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যদের ১১,৪৭২ জন ছেলেমেয়েকে মাধ্যমিক পর্যায়ে মোট ৮৩,২০,০৮০.০০ (তিরাশি লাখ কুড়ি হাজার আশি) টাকা বৃত্তি মঞ্জুরি করেছে। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের তালিকা সেনা, নৌ ও বিমানবাহিনীর সদর দপ্তরসমূহে, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড ও সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের কার্যালয়ে পাঠানো হয়েছে।

বৃত্তির টাকা সেনাকল্যাণ সংস্থার নিজস্ব ব্যবস্থাপনায় স্টাইপেন্ড ওয়ারেন্টের মাধ্যমে বৃত্তিধারীদের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নামে পাঠানো হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের বৃত্তির টাকা প্রদান করবেন।

বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের বৃত্তি নবায়নের জন্য পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণের নম্বরপত্র/উত্তীর্ণপত্র তাদের শিক্ষায়তনের প্রধানের সিল ও স্বাক্ষরসহ (ফটো কপি অবশ্যই সত্যায়িত হতে হবে) সেনাকল্যাণ সংস্থার কল্যাণ পরিদপ্তরে পাঠাতে হবে। উক্ত নম্বরপত্র/উত্তীর্ণপত্রে বৃত্তিধারীর বৃত্তির নম্বর, নাম, পিতার নাম ও তার সংশ্লিষ্ট বাহিনীর সাবেক নম্বর ও পদবি অবশ্যই উল্লেখ করতে হবে। আইএসপিআর।